

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা
ফোন : ৫৮৬১৩০৫৩, ফ্যাক্স : ৯৬১৫১৫৫
য়েব সাইট : www.emc.edu.bd



“বিজ্ঞপ্তি”

তারিখ: ২৫/০২/২০২১খ্রি:

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণপ্রজাতন্ত্রী সরকারের অধিদপ্তর, শাহবাগ, ঢাকা কর্তৃক আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস এবং স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা-২০২১ এ অংশগ্রহণের আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি স্ব-স্ব বিভাগের ছাত্রীদের অবহিতকরণের লক্ষ্যে বিভাগের নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সম্মানিত বিভাগীয় প্রধানদের অনুরোধ করা হলো।

25.02.2021
(প্রফেসর সুপ্রিয়া ভট্টাচার্য)
অধ্যক্ষ

ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২৫/০২/২০২১

বিতরণ:

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
- ২। আহ্বায়ক, ওয়েবসাইট পরিচালনা কমিটি, ইডেন মহিলা কলেজ, ঢাকা।

*বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

নং-৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.(অংশ-১). ৪১০

তারিখ:- ২৭.১০.২০২২ খ্রিঃ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস এবং স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা-২০২১।

‘১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস’ এবং ‘২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১’ উদ্‌যাপন উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

১। ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস:

ক) রচনা প্রতিযোগিতা :

ক্র. নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	বঙ্গবন্ধুর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বঙ্গবন্ধুর শিক্ষা জীবন	১২০০
৩.	গ	বিশেষ (প্রতিবন্ধী)	বঙ্গবন্ধু	১০০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র. নং.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব ৭ বছর	উন্মুক্ত
২.	খ	৮-১২ বছর	বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ
৩.	গ	বিশেষ (প্রতিবন্ধী)	উন্মুক্ত

২। ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতা:

ক্র. নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বঙ্গবন্ধু ও বাঙালির স্বাধীনতা	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	বিশ্ব ঐতিহ্যের প্রামাণ্য দলিল-বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	মুজিববর্ষ ও বাঙালির স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে জাতির অঙ্গীকার	১৮০০
৫.	ঙ	বিশেষ (প্রতিবন্ধী)	স্বাধীনতা দিবস	১০০০

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা ২১.০৩.২০২১ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি পৌঁছাতে হবে।

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : চিত্রাংকন প্রতিযোগিতায় আর্ট পেপারে স্বহস্তে অংকিত চিত্র সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে ২১.০৩.২০২১ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি পৌঁছাতে হবে।

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার মধ্যে থাকা আবশ্যিক।
২. ছাত্রছাত্রীদের ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র এবং অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।
৩. রচনা ও চিত্রাংকনে অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, স্টুডেন্ট আইডি কার্ড এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

(মো: আবুবকর সিদ্দিক)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন:৯৬৭১২৩৪